

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি
তারিখ: ০৭ই অক্টোবর ২০২৪

পরিচালক মহোদয়ের আমাই-এ যোগদান:

দীর্ঘদিনের শূন্যতা পূরণ করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখার স্মারক নং- ০৫.০০.০০০০.১৪৬.৩৭.০০৯.২১-৫৪০, ৩০শে সেপ্টেম্বর ২০২৪ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামানকে অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছর মেয়াদে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। তিনি ০২রা অক্টোবর ২০২৪ তারিখ অপরাহ্নে সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে যোগদানপত্র দাখিল করেন। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখার স্মারক নম্বর ৩৭.০০.০০০০.০৮২.১৮.০০৮.১৫.৫৭১, ০৬ই অক্টোবর ২০২৪ তারিখের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক যোগদানপত্র গৃহীত হয়। অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান ইতঃপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এ.এফ রহমান হলের সহকারী আবাসিক শিক্ষক, আবাসিক শিক্ষক, ভাষাবিজ্ঞান বিভাগের ছাত্র উপদেষ্টা ও একই বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।



ইনস্টিটিউটের কর্মকর্তাগণ পরিচালক মহোদয়ের যোগদান উপলক্ষে ফুলেল শুভেচ্ছা বিনিময় করছেন

স্বাক্ষরিত/-
০৭/১০/২০২৪
(মোঃ আবদুল কাদের)
উপপরিচালক
(প্রশাসন, প্রচার, তথ্য ও জনসংযোগ)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
ফোন: ০২-৮৩৯১৫৯৫